দৈনিক সংবাদ

MAY 0[illegible] 2002

তারিখ … পৃষ্ঠা … কলাম …

# বিএম কলেজে ছাত্রলীগ কর্মী প্রহৃত

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ বুধবার রাতে ছাত্রদলের ক্যাডাররা সরকার বিএম কলেজের মুসলিম ছাত্রাবাসে বসবাসরত ছাত্রলীগ কর্মী আরাফাত হোসেন সোহেলকে নির্মমভাবে প্রহার করে গুরুতর আহত করেছে।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ছাত্রলীগ কর্মী ও দ্বিতীয় বর্ষ সম্মানের ছাত্র সোহেল নির্যাতন এড়ানোর জন্য কলেজে আসেনি। পরিস্থিতি একটু স্বাভাবিক হলে সে সম্প্রতি ছাত্রাবাসে বরাদ্দকৃত নিজের কক্ষে ওঠে। ছাত্রদলের ক্যাডাররা ইতোপূর্বে তাকে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেয়; কিন্তু শহরে তার বসবাসের আর কোন স্থান না থাকায় সে বাধ্য হয়ে ছাত্রাবাসে থেকে যায়। বুধবার রাতে ছাত্রদলের ক্যাডাররা তার কক্ষে হানা দিয়ে নির্মমভাবে প্রহার করে। গুরুতর আহত অবস্থায় তাকে মেডিক্যাল কলেজ ছাত্রাবাসে ভর্তি করা হয়েছে।